বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bteb.gov.bd

স্মারক নং ৫৭.১৭.০০০০.২০১.০৫.২৪.১৭৮

তারিখ : ২৬ জৈষ্ঠ্য, ১৪৩১ বঙ্গাব্দ
০৯ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

## ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের শিক্ষার্থীদের বদলি সংক্রান্ত বিজ্ঞপ্তিঃ

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২য় ও ৪র্থ পর্বে অধ্যয়নরত বদলিচ্ছু শিক্ষার্থীদের স্ব-স্ব প্রতিষ্ঠানের (বর্তমান অধ্যায়নরত) অধ্যক্ষ বরাবর অভিভাবকের (পিতা/মাতা/উপযুক্ত অভিভাবক) প্রতিস্বাক্ষরসহ আবেদন করতে হবে। ছাড়পত্র প্রদানকারী প্রতিষ্ঠান বদলি ইচ্ছুক শিক্ষার্থীদের নিকট প্রাপ্ত আবেদনপত্র নিম্নে বর্ণিত বদলির সাধারণ নির্দেশিকার আলোকে যাচাই-বাছাই করে বদলি কার্যক্রম সংক্রান্ত তথ্য ছকে বর্ণিত সময়রে মধ্যে তথ্যাদি অনলাইনে প্রেরণ করতে হবে। উল্লেখ্য, শুধুমাত্র ২০/০৬/২০২৪ খ্রি. হতে ০১/০৭/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত অনলাইনে তথ্য প্রেরণের জন্য সার্ভার খোলা থাকবে। সংশ্লিষ্ট সকলকে বদলি কার্যক্রম সংক্রান্ত তথ্য ছক অনুসারে কার্যক্রম সম্পাদন করার জন্য অনুরোধ জানান হলো।

### বদলির আবেদন, ফলাফল ও বোর্ডে তথ্যাদি জমা প্রদানের সময়সূচিঃ

| ক্রম | বিষয় | তারিখ |
|---|---|---|
| ৬. | শিক্ষার্থী কর্তৃক প্রতিষ্ঠান বরাবর আবেদনের তারিখ | ১৯/০৬/২০২৪ খ্রি. হতে ৩০/০৬/২০২৪ খ্রি. পর্যন্ত |
| ৭. | প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষার্থীর তথ্য বোর্ডের ওয়েবসাইটে (www.bteb.gov.bd) এর "রেজিস্ট্রেশন" ব্লকের "ডিপ্লোমা/এইচ.এস.সি পর্যায়" লিংক-এ প্রবেশ করে (Diploma Transfer Data Entry Link ) শিক্ষার্থীর তথ্য এন্ট্রি দিতে হবে। | ২০/০৬/২০২৪ খ্রি. হতে ০১/০৭/২০২৪ খ্রি. পর্যন্ত |
| ৮. | বোর্ড কর্তৃক ফলাফল প্রকাশ | পর্ব সমাপণী পরীক্ষার ফলাফল প্রকাশের পর পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে |
| ৯. | বোর্ডে প্রয়োজনীয় ডকুমেন্টসহ পে-অর্ডার জমা দানের তারিখ | বদলির ফলাফল প্রকাশের সময় জানানো হবে। |

### শিক্ষার্থী বদলির সাধারণ নির্দেশিকাঃ

১. আসন খালি থাকা ও বদলির সাধারণ নির্দেশিকার শর্তাবলী অনুসরণপূর্বক বদলি করা হবে।

২. শিক্ষার্থী বদলির ক্ষেত্রে অবশ্যই টেকনোলজি, প্রবিধান ও শিফটের মিল থাকতে হবে। ১ম শিফটের শিক্ষার্থী ১ম শিফটে এবং ২য় শিফটের শিক্ষার্থী ২য় শিফটে বদলি হওয়ার সুযোগ পাবে।

৩. ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা ইন মেরিন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের মাধ্যমে অনলাইনে বদলির আবেদন করতে পারবে;

৪. এইচএসসি (বিজ্ঞান)/ এইচএসসি (ভোকেশনাল) ও আলিম (বিজ্ঞান) উত্তীর্ণ সরাসরি ৩য় পর্বে ভর্তিকৃত শিক্ষার্থীগণ বদলিতে ভর্তির আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে না।

৫. কোন অবস্থাতেই অকৃতকার্য বা রেফার্ড প্রাপ্ত শিক্ষার্থী বদলির জন্য যোগ্য বলে বিবেচিত হবে না। সকল বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরাই কেবল বদলির আবেদনের জন্য যোগ্য বলে বিবেচিত হবে;

৬. ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা ইন মেরিন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনাকারী সরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী কেবলমাত্র সরকারি প্রতিষ্ঠানে এবং ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা ইন মেরিন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনাকারী বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী কেবলমাত্র বেসরকারি প্রতিষ্ঠানে বদলি হওয়ার সুযোগ পাবে। তবে ঐ প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট টেকনোলজি থাকতে হবে এবং ঐ পর্বে শিক্ষার্থী থাকতে হবে;

৭. ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা ইন মেরিন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম শিক্ষাক্রম পরিচালনাকারী বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী বদলির ক্ষেত্রে ০২ (দুই) প্রতিষ্ঠানের সম্মতিতে বর্তমানে অধ্যয়ণরত প্রতিষ্ঠান হতে বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে নিজ প্রতিষ্ঠানের মাধ্যমে Log-In করে বোর্ড কর্তৃক প্রদত্ত ছকে অনলাইনের মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে;

৮. বর্তমানে অধ্যয়নরত প্রতিষ্ঠানের অধ্যক্ষ বদলি হতে ইচ্ছুক শিক্ষার্থীদের প্রাপ্ত আবেদনপত্র (অভিভাবকের প্রতিস্বাক্ষর সম্বলিত) যাচাই-বাছাই করে বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে নিজ প্রতিষ্ঠানের মাধ্যমে Log-In করে বোর্ড কর্তৃক প্রদত্ত ছকে অনলাইনের মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে;

৯. Online-এ প্রাপ্ত আবেদন হতে মেধাক্রম অনুসারে শুন্য আসনের ভিত্তিতে বদলির জন্য মনোনয়ন প্রদান করা হবে;

১০. বদলির ক্ষেত্রে বদলির সাধারণ নীতিমালা অনুসরণ করা হবে এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

৯/৬/২৪

(প্রকৌশলী মোঃ রকিব উল্লাহ)
পরিচালক (কারিকুলাম)
ফোন: ০২-৫৫০০৬৫২৩

স্মারক নং ঃ- ৫৭.১৭.০০০০.২০১.০৫.২৪.১৭৮

তারিখ: ২৬ জৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ
০৯ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা।

৩-৬. পরিচালক (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন/পিআইইউ/পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

৭-১০. সচিব/ পরীক্ষা নিয়ন্ত্রক/ পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১১. অধ্যক্ষ, সংশ্লিষ্ট সকল সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান)।

১২-১৩. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা/সনদ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৪. উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৫ সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

১৬. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৭. অফিস নথি।

০৯/০৬/২৪

(রূপক কান্তি বিশ্বাস)
কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)
ফোনঃ ০২-৫৫০০৬৫৪০